গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলাপ্রশাসকের কার্যালয়
রাঙ্গামাটি পার্বত্য জেলা
(স্থানীয় সরকার শাখা)
www.rangamati.gov.bd

স্মারক নম্বর : ০৫.৪২.৮৪০০.২০৭.০০৪.০৪.২৪ - ৭৫৯

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩১
০৫ জুন ২০২৪

নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা, ঢাকা-এর স্মারক নং- ৪৬.০১৮.০৩২. ০০.০০.০৫৬.১৬-৯৭ তারিখ-১১ ফেব্রুয়ারি, ২০২৪ এর পরিপ্রেক্ষিতে স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) কর্মচারী চাকুরী বিধিমালা, ২০১১ এবং এর সংশোধনী, ২০১৩ এ নিয়োগ সংক্রান্ত অন্যান্য বিধি, সার্কুলার ও নীতিমালা মোতাবেক রাঙ্গামাটি পার্বত্য জেলার ০৯ (নয়)টি ইউনিয়ন পরিষদ সচিব এর শূন্য পদে নিয়োগ এবং আগামী ১ (এক) বছরের মধ্যে পদ শূন্য হলে তা পূরণের লক্ষ্যে প্যানেল তৈরির নিমিত্ত নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে রাঙ্গামাটি জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে অনলাইনে (http://dcrangamati.teletalk.com.bd) আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে;

ক্র: নং	পদের নাম	পদসংখ্যা	বেতনস্কেল সংক্রান্ত	শিক্ষাগত যোগ্যতা
১	২	৩	৪	৫
০১	ইউনিয়ন পরিষদ সচিব	০৯ (নয়)টি	টাকা ১০২০০/-২৪৬৮০/-টাকা (জাতীয় বেতন স্কেল ২০১৫ খ্রিঃ অনুযায়ী ১৪ তম গ্রেড) তৎসহ সরকার অনুমোদিত অন্যান্য ভাতাদি (ইউনিয়ন পরিষদ কর্তৃক ২৫% এবং সরকার কর্তৃক ৭৫% বেতন প্রাপ্য হবেন)।	স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে অন্যূন দ্বিতীয় শ্রেণির স্নাতক বা সমমানের ডিগ্রী।

আবেদনের শর্তাবলী

১. **প্রার্থীগণকে অনলাইনে আবেদন করতে হবে; অনলাইন আবেদনপত্র পূরণ ও দাখিল করার নিয়মাবলী:-**

২. প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক ও রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

ক. আবেদনের সাথে জেলাপ্রশাসক/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত স্থায়ী বাসিন্দার সনদপত্র দাখিল করতে হবে।

খ. যদি কোন প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোন ব্যক্তিকে বিয়ে করেন বা বিয়ে করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা ফৌজদারী আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোন সরকারি বা স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষের চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন তবে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

৩. প্রার্থীর বয়সসীমা ১০.০৬.২০২৪ তারিখে ১৮-৩০ বছরের মধ্যে সীমাবদ্ধ থাকতে হবে। শুধু বীর মুক্তিযোদ্ধা/শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র -কন্যা ও শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

৪. মুক্তিযোদ্ধা কোটায় আবেদনকারী (বীর মুক্তিযোদ্ধা ও শহিদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং বীর মুক্তিযোদ্ধা/ শহিদ বীর মুক্তিযোদ্ধার পুত্র-কন্যাগণের পুত্র-কন্যা) প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদপত্র।

৫. লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় সকল সনদ/ অনাপত্তিপত্র/ কাগজপত্রাদির মূলকপি প্রদর্শনপূর্বক অনলাইনে দাখিলকৃত সকল সনদপত্রের প্রতিটির ০১ (এক) কপি সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে। **দাখিল/ উপস্থাপনযোগ্য কাগজপত্রের তালিকা নিম্নরূপ:-**

ক. অনলাইনে পূরণকৃত আবেদনপত্র (Applicant's copy);

খ. সকল মূল সনদ/প্রত্যয়ন/অনাপত্তিপত্র;

CamScanner

গ. রাঙ্গামাটি পার্বত্য জেলার স্থায়ী বাসিন্দা হিসেবে জেলাপ্রশাসক/সার্কেল চীফ কর্তৃক প্রদত্ত জেলার স্থায়ী বাসিন্দার সনদপত্র;

ঘ. জাতীয় পরিচয়পত্র/ জন্মনিবন্ধন সনদপত্র;

ঙ. চাকুরিরত প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক অনাপত্তি সনদপত্র;

চ. অন্যান্য কোটা যেমন প্রতিবন্ধী কোটায় প্রার্থীদের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়ন/ সনদপত্র।

এক্ষেত্রে কোন তথ্য অসত্য বলে প্রমাণিত হলে সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

৬. **অনলাইনে আবেদনপত্র পূরণসংক্রান্ত নিয়মাবলী ও শর্তাবলী:**

ক. পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি (http://dcrangamati.teletalk.com.bd) এ ওয়েবসাইটে নির্ধারিত আবেদনপত্র পূরণ করতে পারবেন।

খ. অনলাইনে আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১০.০৬.২০২৪ খ্রিস্টাব্দ, সকাল ০৯.০০ টা;

গ. অনলাইনে আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ৩০.০৬.২০২৪ খ্রি. বিকাল ০৪.০০টা। উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে SMS এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন;

ঘ. Online আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোর্চ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ 60KB হতে হবে।

৭. প্রার্থীকে পরীক্ষার ফি বাবদ ২০০/- (দুইশত) টাকা এবং Teletalk এর ফি ২৩ (তেইশ) টাকাসহ সর্বমোট ২২৩ (দুইশত তেইশ) টাকা জমা দিতে হবে;

৮. সরকারি/ আধাসরকারি/ স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে।

৯. এই নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন মন্ত্রণালয়ের (বিধি-১ শাখা) ১৭/০৪/২০২৩ তারিখের জারিকৃত " মন্ত্রণালয়/বিভাগ ও অধীন সরকারি দপ্তর/ পরিদপ্তর/ অধিদপ্তর, স্বায়ত্তশাসিত সংস্থা, সংবিধিবদ্ধ সংস্থা এবং বিভিন্ন কর্পোরেশনের চাকুরিতে ১৩-২০ গ্রেডের পদে কর্মচারী নিয়োগের অপেক্ষামান তালিকা সংরক্ষণ" সংক্রান্ত পরিপত্র কার্যকর হবে।

১০. আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে। কোন কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ কার্যক্রম স্থগিত, পদ সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোন শর্ত বা অনুচ্ছেদ সংশোধন, শর্ত পরিবরতন, সংযোজন এবং বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন। এ ছাড়াও আবেদন বাছাই ও নিয়োগের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১১. বিজ্ঞাপনে উল্লিখিত পদসমূহের চূড়ান্ত সুপারিশ প্রণয়নের ক্ষেত্রে সরকার কর্তৃক ঘোষিত সর্বশেষ নীতিমালা অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটাসহ সকল কোটা সংরক্ষণ করা হবে;

১২. প্রার্থীদের (লিখিত ও মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৩. অনিবার্য কারণবশতঃ কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন ও বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

ডিক্লারেশন

প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের ডিক্লারেশন অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী কর্তৃক আবেদনপত্রের প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য বা মিথ্যা প্রমাণিত হলে অথবা কোন অযোগ্যতা ধরা পড়লে বা কোন প্রতারণা বা দুর্নীতির আশ্রয় গ্রহণ করলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে পরীক্ষার পূর্বে বা পরে এমনকি নিয়োগের পরে যে কোনো পর্যায়ে প্রার্থিতা বাতিল করা হবে এবং সংশ্লিষ্ট প্রার্থীর বিরুদ্ধে আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

** শেষ তারিখ ও সময়ের জন্য অপেক্ষা না করে পর্যাপ্ত সময় নিয়ে অনলাইনে আবেদনপত্র পূরণ এবং আবেদন ফি জমাদান করতে পরামর্শ দেয়া হলো।

০৫.০৬.২৪

(মোহাম্মদ মোশারফ হোসেন খান)
জেলাপ্রশাসক
রাঙ্গামাটি পার্বত্য জেলা
ফোন: ০২৩৩৩৩৭১৬৩২ (অফিস)
E-mail:dcrangamati@mopa.gov.bd

CamScanner

স্মারক নম্বর : ০৫.৪২.৮৪০০.২০৭.০০৪.০৪.২৪ - ৬৫৯

তারিখ: ২২ জ্যৈষ্ঠ ১৪৩১ / ০৫ জুন ২০২৪

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

১. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩. পরিচালক, স্থানীয় সরকার, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

অনুলিপি অবগতি ও বহুল প্রচারের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১. জেলাপ্রশাসক-------------------------------------(সকল) ।
২. পুলিশ সুপার, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৩. মুখ্য নির্বাহী কর্মকর্তা, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৪. অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক)/রাজস্ব/শিক্ষা আইসিটি/অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৫. মেয়র, রাঙ্গামাটি পৌরসভা, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৬. উপজেলা পরিষদ চেয়ারম্যান..(সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা ।
৭. উপজেলা নির্বাহী অফিসার (সকল), রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৮. নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রাঙ্গামাটি পার্বত্য জেলা।
৯. জেলা তথ্য অফিসার, রাঙ্গামাটি পার্বত্য জেলা ; বহুল প্রচারের জন্য।
১০. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, রাঙ্গামাটি পার্বত্য জেলা; বিজ্ঞপ্তিটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ।
১১. চেয়ারম্যান,--ইউপি------------------উপজেলা, রাঙ্গামাটি পার্বত্য জেলা
১২. সম্পাদক/বিজ্ঞাপন ব্যবস্থাপক, কালের কন্ঠ / আজকের পত্রিকা / দৈনিক রাঙ্গামাটি । উপরে বর্ণিত নিয়োগ বিজ্ঞপ্তিটি তাঁর প্রকাশিত দৈনিক পত্রিকায় ১০"×৩" কলামে আগামী ১০.০৬.২০২৪ খ্রিঃ তারিখের পূর্বে (ছুটির দিন ব্যতীত) ০১ (এক) দিনের জন্য পত্রিকার ভিতরের পৃষ্ঠায় সংক্ষিপ্ত পরিসরে প্রকাশের ব্যবস্থা গ্রহণ করতঃ নিম্নস্বাক্ষরকারীর নিকট ৩ (তিন) কপি প্রেরণের জন্য অনুরোধ করা হলো।
১১. এ কার্যালয়ের ওয়েবসাইট/অফিস নথি/ নোটিশ বোর্ড।

০৫/০৬/২৪

মো: আব্দুলাহ আল মাহমুদ
উপপরিচালক (ভারপ্রাপ্ত)
স্থানীয় সরকার
রাঙ্গামাটি পার্বত্য জেলা
ফোন : ০২৩৩৩৩৭১৬৬৬

CamScanner